

PRINT

## সমকালী

ব্রাক্ষণবাড়িয়ায় শিক্ষার্থীদের মানববন্ধন

### আগের নিয়মে পরীক্ষা পদ্ধতি চূড়ান্ত করার দাবি

১১ ষষ্ঠা আগে

নিজস্ব প্রতিবেদক, ব্রাক্ষণবাড়িয়া

পরীক্ষার্থীদের মানসিকভাবে নির্যাতনের প্রতিবাদে ব্রাক্ষণবাড়িয়ায় বিক্ষেপ মিছিল ও মানববন্ধন করেছে শিক্ষার্থীরা। গতকাল রোববার বেলা ১১টায় ব্রাক্ষণবাড়িয়া প্রেস ক্লাব চতুরে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে জেলা সদরের বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

মানববন্ধনে শিক্ষার্থীরা জানায়, প্রশ্ন ফাঁস রোধ করতে ব্যর্থ হয়ে সাধারণ শিক্ষার্থীদের ওপর মানসিকভাবে চাপ প্রয়োগ করা হচ্ছে। বারবার পরীক্ষা পদ্ধতি বদলে দেওয়ার কারণে শিক্ষার্থীরা পড়াশোনায় পিছিয়ে পড়েছে।

এমসিকিউ পদ্ধতি বাতিল করে ১০টি সূজনশীল প্রশ্নের উভর দেওয়া শিক্ষার্থীদের পক্ষে সন্তুষ্ট নয়। তাই তারা আগের নিয়মে এসএসসি ও এইচএসসি পরীক্ষার পদ্ধতি চূড়ান্ত করার দাবি জানায়।

মানববন্ধন চলাকালে অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র ইকরামুল আলম ইশানের সভাপতিত্বে ও মুহীয় শারদের পরিচালনায় বক্তব্য দেয় সাবেরা সোবহান বালিকা উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী আরেফিন জান্নাত শোভা, গত. মডেল গার্লস উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী অমৃতা দাস, গ্যাসফিল্ট স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী মিসবাহ উদ্দিন রাফাতসহ অন্য শিক্ষার্থীরা।

মানববন্ধনে সংহতি প্রকাশ করে বক্তব্য দেন ব্রাক্ষণবাড়িয়া প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক দীপক চৌধুরী বাপ্পী, জেলা সম্মিলিত সাংস্কৃতিক জোটের আহ্বায়ক আবদুল নূর, অ্যাডভোকেট নূর মুহাম্মদ জামাল প্রমুখ।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)